



নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

www.ecs.gov.bd

ফোন : ৮১১৪১৭৬

ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নং নিকস/জঅ/সংবাদ বিজ্ঞপ্তি-১(২)/২০১০/৩৪৫

তারিখ: ২২ নভেম্বর, ২০১১।

সংবাদ বিজ্ঞপ্তি


কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন

আগামী ০৫ জানুয়ারি ২০১২ তারিখে দেশের ৮ম সিটি কর্পোরেশন কুমিল্লার ১ম নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। আজ নির্বাচন কমিশন এক সংবাদ সম্মেলনের মাধ্যমে কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনের বিস্তারিত তফসিল ঘোষণা করেন। বিস্তারিত তফসিল অনুযায়ী :

- | | |
|--------------------------------------|------------------------|
| ক. মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : ০২ ডিসেম্বর, ২০১১ |
| খ. মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : ০৪-০৫ ডিসেম্বর, ২০১১ |
| গ. প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : ১৪ ডিসেম্বর, ২০১১ |
| ঘ. ভোট গ্রহণের তারিখ | : ০৫ জানুয়ারি, ২০১২ |

কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন পরিচালনার জন্য আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা কুমিল্লাকে রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। এছাড়া ৯ জন জেলা নির্বাচন অফিসার-কে সহকারী রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। স্থানীয় সরকার বিভাগ গত ১০ জুলাই ২০১১ তারিখে কুমিল্লা সিটি কর্পোরেশন গঠনের প্রজ্ঞাপন জারী করে।

২৭টি সাধারণ ওয়ার্ড নিয়ে কুমিল্লা সিটি কর্পোরেশন গঠিত। এর মধ্যে ৯টি সংরক্ষিত ওয়ার্ড রয়েছে। এ সিটি কর্পোরেশনে মোট ভোটার সংখ্যা ১,৬৯,২৭৩ জন। এর মধ্যে পুরুষ ৮৩,১৯৯ জন এবং মহিলা ৮৬,০৭৪ জন। কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনে মোট ভোটকেন্দ্র ৬৫ এবং ভোট কক্ষ ৪২১। সকল ভোটকেন্দ্রেই ইলেকট্রনিক ভোটিং মেশিন এর মাধ্যমে ভোট গ্রহণ করা হবে।


(এস-এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ফোন- ৮১১৪১৭৬
সেল- ০১৭১০-৮২৪১৪৪